

সিনিয়র সচিব



মোসাম্মৎ হামিদা বেগম
সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

মোসাম্মৎ হামিদা বেগম নরসিংদী জেলার খোর্দনোয়াপাড়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মফিজ উদ্দীন আহমেদ। একটি বেসরকারি শিল্প প্রতিষ্ঠানে ব্যবস্থাপক হিসেবে কর্মজীবন সমাপ্ত করেন। মাতা মমতাজ বেগম ছিলেন একজন আদর্শ মাতা ও আদর্শ গৃহিণী।

মোসাম্মৎ হামিদা বেগম ঢাকা বিশ্ববিদ্যালয় হতে লোকপ্রশাসন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৮৮/৮৯ বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্রশাসন ক্যাডারে ১৯৯১ সালের ২৬ জানুয়ারি যোগদান করেন। তাঁর প্রথম পদায়ন জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এ সহকারি কমিশনার হিসেবে। পরবর্তীতে তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে সহকারী সচিব হিসেবে এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে সিনিয়র সহকারি সচিব হিসেবে দায়িত্বপালন করেন। তিনি বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এবং বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি ১৯৯৮ সালে **Public Personnel Management** বিষয়ে জার্মানির **Management Academy, Essen** হতে ১ বৎসর উচ্চতর পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণের অংশ হিসেবে **Hesse** প্রভিন্সের **Ministry of Women, Cultural Affairs** এ ৪ মাসের ইন্টার্নশীপ সম্পন্ন করেন। তিনি **Carl Duesburg College, Koeln**, জার্মানী হতে জার্মান ভাষায় ডিপ্লোমা অর্জন করেন।

২০১৫ সালে তিনি যুগ্ম সচিব পদে পদোন্নতি পান। তিনি ২০১৬ সালে যুগ্মসচিব হিসাবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেন এবং ২০১৮ সালে তিনি অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি লাভ করেন। ০৮-০২-২০২১ তারিখে সচিব পদে পদোন্নতি লাভের পূর্ব পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের প্রধান হিসেবে কর্মরত ছিলেন।

১৪ ফ্রেবুয়ারি, ২০২১ থেকে ২৩ মে, ২০২৩ তারিখ পর্যন্ত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। ২৪ মে, ২০২৩ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে সচিব হিসেবে যোগদান করে তিনি ২৩ নভেম্বর, ২০২৩ তারিখ সিনিয়র সচিব পদে পদোন্নতিপ্রাপ্ত হন।

পেশাগত বিভিন্ন প্রশিক্ষণের উদ্দেশ্যে তিনি দক্ষিণ কোরিয়া, ফিলিপিনস, থাইল্যান্ড, নেপাল, ভারত, শ্রীলংকা, ভিয়েতনাম, অস্ট্রেলিয়া, ডেনমার্ক, বেলজিয়াম ও সুইডেন গমন করেন।